# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



সংশোধিত

ফোন: ০২৩৩৪৪১১১৪৫ , মোবাইল: ০১৩৩৫-০৬৯১০০ , ই-মেইল: registrar@cou.ac.bd, website: ww.cou.ac.bd


স্মারক নং-কু.বি./প্রশা.রেজিস্ট্রার/বৃত্তি(ছাত্র-ছাত্রী)/০৭৬/২০০৮/ ৩৯৬৮ তারিখ: ১০/০৯/২০২৬খ্রি.

## "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ এর জন্য দরখাস্ত আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ইউজিসি কর্তৃক **প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা- ২০১৭ এবং ২০২৫** অনুযায়ী "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ এর জন্য মনোনয়ন আহ্বান করা হয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয় হতে যে সকল শিক্ষার্থী ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে অর্থাৎ যে বছরের জন্য স্বর্ণপদক প্রদান করা হবে সে বছরের ১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে স্নাতক (সম্মান) পরীক্ষার চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে স্ব স্ব অনুষদে সর্বোচ্চ সিজিপিএ ধারী সংশ্লিষ্ট ডিন অফিসের মাধ্যমে আগামী ১৭/০৯/২০২৬খ্রি. তারিখের মধ্যে ইউজিসি'র শর্তাবলীতে চাহিত সকল কাগজপত্রসমূহ রেজিস্ট্রার দপ্তরে পৌঁছানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

প্রতি বছরের জন্য প্রতি অনুষদ হতে একাধিক মনোনয়ন প্রেরণ না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। তবে ২০২৫ সালে যদি একাধিক শিক্ষাবর্ষের চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়, সেক্ষেত্রে প্রতিটি শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পৃথকভাবে স্বর্ণপদকের জন্য মনোনয়ন দেয়া যাবে। অন্যান্যদের ক্ষেত্রে ২০১৭ এর নীতিমালা প্রযোজ্য।

উল্লেখ্য, ইতোপূর্বে ২০১৯, ২০২০ ও ২০২১ এর স্বর্ণপদকের জন্য আবেদন করেছে তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

সকল আবেদনকারীর হোয়াটঅ্যাপ নম্বর ও ই-মেইল ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করা জরুরী।

সংযুক্তি:- ইউজিসি থেকে প্রেরিত বিজ্ঞপ্তি ১ (এক) পাতা, ২০১৭ সালের নীতিমালা ১(এক) পাতা ও ২০২৫ সালের নীতিমালা ৩ (তিন) পাতা ও ইউজিসির আবেদন ফরম।

১০.০৯.২০২৫

(মো: মজিবুর রহমান মজুমদার)
রেজিস্ট্রার
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

**প্রয়োজনীয় কার্যার্থে কপি বিতরণ:**

১। ডিন, বিজ্ঞান/ কলা ও মানবিক/ সামাজিক বিজ্ঞান/ প্রকৌশল/বিজনেস স্টাডিজ/আইন অনুষদ, কু.বি. (স্ব-স্ব অনুষদ থেকে অগ্রায়নকপিসহ একজন করে মনোনয়ন দেয়ার অনুরোধসহকারে)।

২। বিভাগীয় প্রধান, গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব/গণযোগাযোগ ও সাংবাদিকতা /সিএসই/আইসিটি/এআইএস/মার্কেটিং/ব্যবস্থাপনা শিক্ষা/ফিন্যান্স এন্ড ব্যাংকিং/ আইন বিভাগ কু.বি.।(উত্তীর্ণ সকল শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহকারে)

৩। আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি।

৪। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি।

**অনুলিপি:**

১। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।

২। পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।

৩। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু.বি.।

৪। সকল নোটিশ বোর্ড, কু.বি.।

৫। অফিস কপি।

E:\1. রেজিস্ট্রার দপ্তর (একাডেমিক)\বৃত্তি-০৭৬\Notice.doc

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ
এওয়ার্ড শাখা

----

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭৮.৪৩.০০০১.২৬.১০৭

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ প্রদানের জন্য মনোনয়ন আহ্বান।**

অত্যন্ত আনন্দের সঙ্গে জানানো যাচ্ছে যে, **'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫'** প্রদানের লক্ষ্যে দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়কে যোগ্য শিক্ষার্থীদের মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(১) মনোনয়ন-সংক্রান্ত নির্দেশনা:
কমিশন কর্তৃক অনুমোদিত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান-সংক্রান্ত নীতিমালা (সংশোধনী), ২০১৭' (১৬-০১-২০১৭ তারিখে অনুমোদিত) অনুযায়ী **২০২২, ২০২৩ ও ২০২৪ সালের** ক্ষেত্রে সংশ্লিষ্ট বছরের ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর সময়ের মধ্যে প্রকাশিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পৃথকভাবে মনোনয়ন প্রদান করতে হবে। তবে, **২০২৫ সালের** মনোনয়ন প্রদানের ক্ষেত্রে **'প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান-সংক্রান্ত নীতিমালা-২০২৫'** অনুযায়ী মনোনয়ন প্রদান করতে হবে।

উল্লেখ্য, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের ক্ষেত্রে স্থায়ী সনদ প্রাপ্তির তারিখের পর প্রকাশিত ফলাফলের ভিত্তিতে মনোনয়ন প্রদান করতে হবে।

(২) অনলাইন আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র:
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত শিক্ষার্থীদের তথ্য ইউজিসির ওয়েবসাইট **(www.ugc.gov.bd)** এর **'সম্মাননা সেবা'** বক্সে **'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'** লিংকে (https://pmgm.ugc.gov.bd/) প্রবেশ করে অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে মনোনয়নের সঙ্গে বাংলা ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীর স্বাক্ষরযুক্ত প্রত্যয়নপত্র (যাতে শিক্ষার্থীর নাম, বিশ্ববিদ্যালয়ের নাম, অনুষদ/ইন্সটিটিউটের নাম, বিভাগের নাম, ডিগ্রির নাম, ফলাফল প্রকাশের তারিখ এবং শিক্ষার্থীর মোবাইল নম্বর (whatsapp) ও ই-মেইল ঠিকানা উল্লেখ থাকতে হবে) পিডিএফ (PDF) আকারে সংযুক্ত করতে হবে।

অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রের হার্ডকপিসহ সংযুক্ত তথ্যাদি বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে **পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর ডাকযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(৩) প্রাথমিক ও চূড়ান্ত মনোনয়ন তালিকা:
কমিশন কর্তৃক মনোনয়নসমূহ যাচাই-বাছাই শেষে প্রাথমিক মনোনয়ন তালিকা ইউজিসির ওয়েবসাইটে প্রকাশ করা হবে। তালিকা প্রকাশের পর ৭ (সাত) কর্মদিবসের মধ্যে কোনো আপত্তি বা অভিযোগ প্রাপ্ত না হলে উক্ত তালিকাই চূড়ান্ত মনোনয়ন তালিকা হিসেবে গণ্য হবে।

(৪) নীতিমালা ও প্রয়োজনীয় তথ্য:
এ-সংক্রান্ত বিজ্ঞপ্তি, নীতিমালা, আবেদনপত্র পূরণের নির্দেশিকা এবং প্রয়োজনীয় ফরম ইউজিসির ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এর **'সম্মাননা সেবা'** বক্সে **'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'** মেনু থেকে ডাউনলোড করা যাবে।

(৫) অতিরিক্ত প্রয়োজনীয় কাগজপত্র:
**২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালের** জন্য প্রত্যেক অনুষদের সকল বিভাগের সিন্ডিকেট/রিজেন্ট বোর্ড/একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত পরীক্ষার ফলাফলের কপি, যেখানে সর্বোচ্চ ফলাফল অর্জনকারী ১ (এক) জন শিক্ষার্থীকে সুস্পষ্টভাবে চিহ্নিত করা থাকবে, তা সংশ্লিষ্ট মনোনয়নপত্রের সঙ্গে কমিশনে প্রেরণ করতে হবে।

(৬) বিশেষ অনুরোধ:
**'প্রধানমন্ত্রী স্বর্ণপদক ২০২২, ২০২৩, ২০২৪ ও ২০২৫'** প্রদান কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়ের আন্তরিক ও সার্বিক সহযোগিতা কামনা করছি।

Comilla University
Registrar Office
Letter Received No: ২৯৬৮
Date: ৩০/৮/২৫
Director (F & A)/(P & D)
Controller of Examinations
DR (BM/DR/MH/MR/ ..........
Superintending Engr./Sr. P
PRO/Research Cell/..............
AR (Ms/MR/SHM/MHB/......
SO (NA/NM/N/MH/............
Signature:...........

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিসমূহঃ
(১) 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান সংক্রান্ত নীতিমালা (সংশোধনী), ২০১৭'
(২) 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৫'

১৬-০৮-২০২৬
মোঃ ওমর ফারুখ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২-৫৮১৬০২০৮
ইমেইল : omarfaruqueugc@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।
২। রেজিস্ট্রার, ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি চিটাগং, ফয়েজ লেক, খুলশি, জাকির হোসাইন রোড, চট্টগ্রাম-৪২০২।
৩। রেজিস্ট্রার, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি, ৪, এমব্যাঙ্কমেন্ট ড্রাইভ রোড, সেক্টর-১০, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।
৪। রেজিস্ট্রার, আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, ১৪১-১৪২, লাভ রোড, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
৫। রেজিস্ট্রার, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ, প্লট নং- ৪০৮-১ (পুরাতন ক-৬৬-১), কুড়িল কুরাতলী রোড, খিলখেত, ঢাকা- ১২২৯, বাংলাদেশ।
৬। রেজিস্ট্রার, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, প্লট নং- এ-২, জহুরুল ইসলাম এভিনিউ, জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, ঢাকা- ১২১২।
৭। রেজিস্ট্রার, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, ৭৪-এ, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
৮। রেজিস্ট্রার, ব্র্যাক ইউনিভার্সিটি, প্রগতি সারণি, খ-২২৪, মেরুল বাড্ডা, ঢাকা-১২১২।
৯। রেজিস্ট্রার, লিডিং ইউনিভার্সিটি, রাগিব নগর, কামাল বাজার, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। রেজিস্ট্রার, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ৫৪১, ও.আর. নিজাম রোড, পাঁচলাইশ, চট্টগ্রাম।
১১। রেজিস্ট্রার, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, দত্তপাড়া, চৌবাড়িয়া, আশুলিয়া মডেল টাউন, ঢাকা।
১২। রেজিস্ট্রার, সিটি ইউনিভার্সিটি, খাগান, বিরুলিয়া, সাভার, ঢাকা-১২১৬।
১৩। রেজিস্ট্রার, গ্রীন ইউনিভার্সিটি অব বাংলাদেশ, পূর্বাচল আমেরিকান সিটি, কাঞ্চন, রূপগঞ্জ, নারায়নগঞ্জ- ১৪৬১।
১৪। রেজিস্ট্রার, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ, এভিনিউ-৬, লেক ড্রাইভ রোড, সেক্টর-১৭/এইচ, উত্তরা, ঢাকা- ১২৩০।
১৫। রেজিস্ট্রার, ইস্টার্ন ইউনিভার্সিটি, রোড-৬, ব্লক-বি, আশুলিয়া মডেল টাউন, বিরুলিয়া, ঢাকা।
১৬। রেজিস্ট্রার, মেট্রোপলিটন ইউনিভার্সিটি, বটেশ্বর, সিলেট-৩১০৩।
১৭। রেজিস্ট্রার, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ইউনাইটেড সিটি, মাদানী এভিনিউ, সাতারকুল, বাড্ডা, ঢাকা।
১৮। রেজিস্ট্রার, অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্লট নং- ২০৯, সেক্টর- ১৫ (খানটেক), উত্তরা, ঢাকা- ১২৩০।
১৯। রেজিস্ট্রার, ইস্ট ডেল্টা ইউনিভার্সিটি, আব্দুল্লাহ আল নোমান সড়ক, নোমান সোসাইটি, পূর্ব নাসিরাবাদ, খুলশী, চট্টগ্রাম-৪২০৯।
২০। রেজিস্ট্রার, বরেন্দ্র ইউনিভার্সিটি, রাজশাহী বাইপাস রোড, চন্দ্রিমা, পবা, রাজশাহী।
২১। রেজিস্ট্রার, বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজি, নিশাতনগর, তুরাগ, ঢাকা- ১২৩০।
২২। রেজিস্ট্রার, খাজা ইউনুস আলী বিশ্ববিদ্যালয়, এনায়েতপুর, এনায়েতপুর শরীফ, চৌহালী, সিরাজগঞ্জ।
২৩। রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, দয়রামপুর, বাগাতিপাড়া, কাদিরাবাদ সেনানিবাস, নাটোর-৬৪৩১।

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট # ই-১৮-এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন : ৮৮-০২-৫৮১৬০১১০, ফ্যাক্স : ৮১৮১২৮১,
ওয়েব : www.ugc.gov.bd


## ইউজিসি কর্তৃক প্রদত্ত "প্রধানমন্ত্রী স্বর্ণপদক" প্রদান সংক্রান্ত নীতিমালা অনুমোদনের তারিখ ঃ ১৬-০১-২০১৭

১। ইউজিসি কর্তৃক প্রণীত Form (তথ্য ছক) যথাযথ ভাবে পূরণ করে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক সীল স্বাক্ষর পূর্বক বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে। Form (তথ্য ছক) ইউজিসি'র ওয়েব সাইটে (www.ugc.gov.bd) পাওয়া যাবে।

২। মনোনীত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের তারিখ উল্লেখপূর্বক প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক প্রত্যয়নপত্র স্বাক্ষর করে বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কমিশনে প্রেরণ করতে হবে।

৩। **পাবলিক বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে (জাতীয়, উন্মুক্ত ও আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত):**

(ক) যে বছরের জন্য স্বর্ণপদক প্রদান করা হবে সে বছরের ১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(খ) যদি একই বছরে একই অনুষদের একাধিক সেশনের ফল প্রকাশিত হয়, সেই ক্ষেত্রে বিভিন্ন সেশনের মধ্যে অনুষদে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে।

(গ) একই বছরে একই অনুষদ হতে প্রকাশিত ফলাফলে যদি একাধিক সমান নম্বর/সিজিপিএ পেয়ে থাকেন সে ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের শতকরা হার বিবেচনা করে মনোনয়ন প্রদান করতে হবে।

(ঘ) স্নাতক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষায় ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে সেই ক্ষেত্রে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

(ঙ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিক্যাল অনুষদ থেকে এমবিবিএস ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে উক্ত বছরের জন্য একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৪। **জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে :**

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে উক্ত বছরের প্রকাশিত স্নাতক ডিগ্রি পর্যায়ে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৫। **প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে :**

স্থায়ী সনদপ্রাপ্ত প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে উক্ত বছরের প্রকাশিত স্নাতক ডিগ্রি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী থেকে একজন মনোনয়ন প্রদান করা যাবে।

৬। যে সব বিশ্ববিদ্যালয়ে স্নাতক ডিগ্রি প্রদান করা হয় না সে সব বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর (Masters) ডিগ্রির ফলাফলের ভিত্তিতে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করতে হবে। কোন অনুষদে স্নাতকোত্তর পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী একাধিক হলে সে ক্ষেত্রে স্নাতক সম্মান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সম্মান পরীক্ষার ফলাফল একই হলে সে ক্ষেত্রে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং এইচএসসি পরীক্ষার ফলাফলও একই হলে এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পদকের জন্য মনোনয়ন প্রদান করা হবে।

৭। শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়নের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ক্ষমতা সংরক্ষণ করেন।



2005-19

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

## প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা, ২০২৫

(২৮.১২.২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৭৫ তম সভায় অনুমোদিত)

১) **শিরোনাম** : প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা, ২০২৫।

২) **ভূমিকা** : বাংলাদেশের উচ্চশিক্ষা অঙ্গনের মেধাবী শিক্ষার্থীদের প্রতিভা ও কৃতিত্বকে জাতীয় পর্যায়ে মর্যাদার সঙ্গে তুলিয়া ধরিবার উদ্দেশ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০০৫ সাল হইতে **'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'** প্রদান কার্যক্রম শুরু করা হইয়াছে। দেশের বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও একাডেমিক উৎকর্ষ অর্জনের স্বীকৃতি এবং উচ্চশিক্ষায় অধিকতর উৎসাহ প্রদান এই পদকের মূল উদ্দেশ্য।

৩) **সংজ্ঞা** : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

- ক) **'কমিশন'** অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973); দ্বারা গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- খ) **'পূর্ণ কমিশন'** অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973); অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খণ্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;
- গ) **'চেয়ারম্যান'** অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;
- ঘ) **'সদস্যবৃন্দ'** অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;
- ঙ) **'সচিব'** অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;
- চ) **'কমিশন কর্তৃপক্ষ'** অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান এবং পূর্ণকালীন সদস্যবৃন্দ;
- ছ) **'স্টিয়ারিং কমিটি'** অর্থ নীতিমালার আওতায় অ্যাওয়ার্ডি (Awardee) চূড়ান্ত মনোনয়নের জন্য গঠিত কমিটি;
- জ) **'অ্যাওয়ার্ডি (Awardee)'** অর্থ যেই শিক্ষার্থী 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'-এর জন্য চূড়ান্তভাবে মনোনীত হইবে;
- ঝ) **'নীতিমালা'** অর্থ প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা, ২০২৫;
- ঞ) **'মূলধারার (Mainstream) ডিগ্রি'** অর্থ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহ কর্তৃক স্নাতক পর্যায়ে প্রদত্ত ন্যূনতম ৪ (চার) বছর মেয়াদী ডিগ্রিসমূহ।

৪) **পদকের নাম** : 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' হিসাবে বিবেচিত হইবে।

৫) **উদ্দেশ্য** : দেশের বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের অধ্যয়নের প্রতি অধিকতর উৎসাহিতকরণ এবং তাহাদের সাফল্যকে জাতীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান।

৬) **ফলাফলের সময়কাল** : যেই বৎসরের পদকের জন্য মনোনয়ন চাওয়া হইবে, সেই বৎসরের ১লা জানুয়ারি হইতে ৩১শে ডিসেম্বর পর্যন্ত সময়কালের মধ্যে প্রকাশিত ফলাফল বিবেচিত হইবে।

৭) **দরখাস্ত আহবান** : 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' সংক্রান্ত বিজ্ঞপ্তি দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর প্রেরণ করা হইবে। সেই সঙ্গে ইউজিসি'র ওয়েবসাইটে (www.ugc.gov.bd) আপলোডকরণসহ বহুল প্রচারিত কমপক্ষে ১(এক) টি বাংলা ও ১(এক) টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করিতে হইবে।

৮) **যোগ্যতা/ শর্তাবলি** :

- ক) শুধুমাত্র মূলধারার (Mainstream) ডিগ্রির জন্য 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' প্রদান করা হইবে;
- খ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের (জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত) অনুষদের অধীন বিভাগসমূহের স্নাতক পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীদের মধ্য হইতে প্রতি অনুষদ হইতে ১ (এক) জন শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করিতে হইবে;
- গ) প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয়ের (জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ব্যতীত) অধীনে সকল ইনস্টিটিউটের মধ্যে সর্বোচ্চ ফলাফল অর্জনকারী ১ (এক) জন শিক্ষার্থীকে মনোনীত করিতে হইবে;

ঘ) জাতীয়, উন্মুক্ত ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এবং স্থায়ী সনদপ্রাপ্ত প্রত্যেকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতক পরীক্ষায় সকল অনুষদ/ইনস্টিটিউট/বিভাগের মধ্যে সর্বোচ্চ ফলাফল অর্জনকারী ১ (এক) জন শিক্ষার্থীকে মনোনীত করিতে হইবে;

ঙ) কোনো অনুষদে স্নাতক পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত একাধিক শিক্ষার্থী থাকিলে, তাহাদের মধ্য হইতে সর্বাধিক নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীকে মনোনয়ন প্রদান করিতে হইবে। একাধিক শিক্ষার্থী সমান নম্বর প্রাপ্ত হইলে, পর্যায়ক্রমে উচ্চমাধ্যমিক (এইচএসসি/সমমান) এবং মাধ্যমিক (এসএসসি/সমমান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মনোনয়ন প্রদান করিতে হইবে;

চ) ইউজিসি কর্তৃক নির্ধারিত আবেদনপত্র পূরণপূর্বক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার/যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষরসহ কমিশনে প্রেরণ করিতে হইবে;

ছ) মনোনীত শিক্ষার্থীদের প্রত্যেকের জন্য আলাদাভাবে একটি প্রত্যয়নপত্র প্রেরণ করিতে হইবে, যাহাতে শিক্ষার্থীর নাম, প্রতিষ্ঠান, অনুষদ, বিভাগ, ডিগ্রি, প্রাপ্ত মোট নম্বর, শতকরা হার এবং ফলাফল প্রকাশের তারিখ সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে। এছাড়া, একই বৎসরে একই অনুষদে একাধিক শিক্ষার্থী সমান সিজিপিএ প্রাপ্ত হইলে, তাহাদের প্রাসঙ্গিক তথ্যাবলি যথাযথভাবে পূরণ করিয়া কমিশনে প্রেরণ করিতে হইবে।

জ) কেবল নির্দিষ্ট শিক্ষাবর্ষের শিক্ষার্থীরাই পদক প্রদানের জন্য বিবেচিত হইবে। তবে একই বৎসরে যদি একাধিক শিক্ষাবর্ষের (ভর্তির) চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়, সেক্ষেত্রে প্রতিটি শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পৃথকভাবে পদক প্রদান করা হইবে।

৯) কমিটি : ৯.১) প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদানের লক্ষ্যে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক চূড়ান্তভাবে মনোনয়নসহ অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত একটি **স্টিয়ারিং কমিটি** নিম্নোক্তভাবে গঠিত হইবে:

ক) চেয়ারম্যান, ইউজিসি------------------------------------আহ্বায়ক
খ) সকল পূর্ণকালীন সদস্য, ইউজিসি------------------------------------সদস্য
গ) সচিব, ইউজিসি------------------------------------সদস্য
ঘ) সকল বিভাগীয় পরিচালক, ইউজিসি------------------------------------সদস্য
ঙ) অতিরিক্ত পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড অনুবিভাগ, ইউজিসি------------------------সদস্যসচিব

৯.২) প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান অনুষ্ঠানের বুশিউর মুদ্রণের নিমিত্ত প্রণয়নকৃত পাণ্ডুলিপি সম্পাদনাসহ অনুমোদনকরণের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি **বুশিউর সম্পাদনা পরিষদ** গঠন করা হইবে-

ক) চেয়ারম্যান, ইউজিসি------------------------------------প্রধান পৃষ্ঠপোষক
খ) সকল পূর্ণকালীন সদস্য, ইউজিসি------------------------------------উপদেষ্টা
গ) সচিব, প্রশাসন বিভাগ, ইউজিসি------------------------------------সদস্য
ঘ) পরিচালক, রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ, ইউজিসি------------------------------------সদস্য
ঙ) পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, ইউজিসি------------------------------------সদস্য
চ) অতিরিক্ত পরিচালক, স্কলারশিপ, ফেলোশিপ ও এওয়ার্ড অনুবিভাগ, ইউজিসি------------------------সদস্য
ছ) উপপরিচালক, এওয়ার্ড শাখা, ইউজিসি------------------------------------সদস্য
জ) উপপরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার শাখা, ইউজিসি------------------------সদস্যসচিব

কমিশন কর্তৃপক্ষ কমিটির কার্যসম্পাদনের প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

৯.৩) প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান অনুষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত ছয়টি **উপকমিটি** গঠন করা হইবে-

i) আমন্ত্রণ, অভ্যর্থনা ও হল ব্যবস্থাপনা উপকমিটি;
ii) অর্থ উপকমিটি;
iii) প্রচার ও প্রকাশনা উপকমিটি;
iv) স্বর্ণপদক প্রস্তুতকরণ উপকমিটি;
v) আপ্যায়ন উপকমিটি;
vi) স্বর্ণপদক প্রার্থীদের সাথে যোগাযোগ স্থাপন ও তথ্য ব্যবস্থাপনা উপকমিটি।

কমিশন কর্তৃপক্ষ কার্যসম্পাদনের প্রয়োজনে উপকমিটির সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবেন।

১০) সম্মাননা : 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক'-এর মনোনীত শিক্ষার্থীগণকে নিম্নলিখিত সম্মাননা প্রদান করা হইবে—

১০.১) ২২ (বাইশ) ক্যারেট মানের ৪.৫ (সাড়ে চার) গ্রাম স্বর্ণ ও ১০ (দশ) গ্রাম রৌপ্য দ্বারা নির্মিত একটি পদক;

১০.২) একটি সম্মাননাপত্র।

১১) পদক প্রদান পদ্ধতি : ১১.১) চূড়ান্তভাবে নির্বাচিত অ্যাওয়ার্ডিকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে আনুষ্ঠানিকভাবে পদক প্রদান করা হইবে।

১১.২) মনোনীত অ্যাওয়ার্ডি অনিবার্য কারণে অনুষ্ঠানে উপস্থিত হইতে না পারিলে তাঁহার স্ত্রী/স্বামী/পিতা/মাতা অথবা একজন উপযুক্ত প্রতিনিধি পদক গ্রহণ করিতে পারিবেন।

| | | | |
|---|---|---|---|
| ১২) আদেশজারির কার্যকারিতা | : | এই নীতিমালা কমিশনের পূর্ণ কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে। | |
| ১৩) রহিতকরণ ও হেফাজত | : | ১৩.১) | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা' সংক্রান্ত ইতোপূর্বে প্রণীত সকল প্রকার নীতিমালা এতদ্বারা রহিত করা হইল; এবং |
| | | ১৩.২) | উপ-অনুচ্ছেদ ১৩.১ এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, ২০২৪ খ্রিষ্টাব্দ পর্যন্ত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম অথবা গৃহীত ও চলমান ব্যবস্থা উক্ত রহিত নীতিমালার (কমিশন কর্তৃপক্ষ কর্তৃক ১৬-০১-২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে অনুমোদিত 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক নীতিমালা') অধীনেই সম্পন্ন হইবে। |
| ১৪) নীতিমালা সংশোধন ও অস্পষ্টতা দূরীকরণ | : | ১৪.১) | 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' স্টিয়ারিং কমিটির সুপারিশের ভিত্তিতে এই নীতিমালার যেইকোনো পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন/বিয়োজন বা সংশোধনের ক্ষমতা কমিশনের উপর ন্যস্ত থাকিবে; |
| | | ১৪.২) | এতদ্ব্যতীত এই নীতিমালার কোনো অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ পরিস্থিতির উদ্ভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে; এবং |
| | | ১৪.৩) | 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' প্রদান সংক্রান্ত যেইকোনো বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কমিশন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |

১২/০১/২০২৬

**ড. মোঃ ফখরুল ইসলাম**
সচিব
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

12.1.26

**প্রফেসর ড. এস এম এ ফায়েজ**
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# University Grants Commission of Bangladesh
Agargoan, Dhaka-1207.

Photograph

**Nomination form for the "Prime Minister Gold Medal Award - 2025"**
(Filled by the applicant & signed by the Registrar.)

1. Applicant's name a) in English (Capital Letters) : ..............................
   b) in Bangla (স্পষ্ট অক্ষরে) : ..............................
2. Father's name : ..............................
3. Mother's name : ..............................
4. Date of birth : ..............................
5. Cell Phone : ..............................
6. Land Phone : ..............................
7. E-mail : ..............................
8. Present address : ..............................
..............................
..............................
9. Permanent address :
..............................
..............................
10. Nomination made on the basis of degree obtained (please tick one) : Bachelors (Hon's)/ Masters Program (only for BSMMU)
11. Academic details of applicant. :
    a) Name of the Faculty a) in English : ..............................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..............................
    b) Department's Name a) in English : ..............................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..............................
    c) Academic year : ..............................
    d) Result published on date (with proper evidence) : ..............................
    e) Class/Grade obtained : ..............................
    f) Total marks/CGPA (out of ….. ………) : ..............................
    g) Exact name of the degree (Mentioned in certificate) along with examination's abbreviated form a) in English : ..............................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..............................
12. Result of the previous examinations :

| Name of Examinations | Board/University | Division/Class /CGPA | Total | | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | Marks/CGPA (%) | Obtained/CGPA (%) | |
| Masters | | | | | |
| Graduation | | | | | |
| HSC | | | | | |
| SSC | | | | | |

13. Extraordinary qualification (if any) :

Registrar's Signature with Seal :

Applicant's Signature

Attachments: Certificate & Transcripts of SSC, HSC, Graduation and Masters (if any)

**University Grants Commission of Bangladesh**
**Agargoan, Dhaka-1207.**

**Photograph**

**Nomination form for the "Prime Minister Gold Medal Award - 2024"**
(Filled by the applicant & signed by the Registrar.)

1. Applicant's name a) in English (Capital Letters) : ..........
   b) in Bangla (স্পষ্ট অক্ষরে) : ..........
2. Father's name : ..........
3. Mother's name : ..........
4. Date of birth : ..........
5. Cell Phone : ..........
6. Land Phone : ..........
7. E-mail : ..........
8. Present address : ..........

..........

..........

9. Permanent address :

..........

..........

10. Nomination made on the basis of degree obtained (please tick one) : Bachelors (Hon's)/ Masters Program (only for BSMMU)
11. Academic details of applicant. :
    a) Name of the Faculty a) in English : ..........
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..........
    b) Department's Name a) in English : ..........
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..........
    c) Academic year : ..........
    d) Result published on date (with proper evidence) : ..........
    e) Class/Grade obtained : ..........
    f) Total marks/CGPA (out of ….. ………) : ..........
    g) Exact name of the degree (Mentioned in certificate) along with examination's abbreviated form a) in English : ..........
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..........
12. Result of the previous examinations :

| Name of Examinations | Board/University | Division/Class /CGPA | Total | | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | Marks/CGPA (%) | Obtained/CGPA (%) | |
| Masters | | | | | |
| Graduation | | | | | |
| HSC | | | | | |
| SSC | | | | | |

13. Extraordinary qualification (if any) :

Registrar's Signature with Seal : Applicant's Signature

Attachments: Certificate & Transcripts of SSC, HSC, Graduation and Masters (if any)

# University Grants Commission of Bangladesh
Agargoan, Dhaka-1207.

**Photograph**

**Nomination form for the "Prime Minister Gold Medal Award - 2023"**

(Filled by the applicant & signed by the Registrar.)

1. Applicant's name a) in English (Capital Letters) ঃ ..............................................
   b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ঃ ..............................................
2. Father's name ঃ ..............................................
3. Mother's name ঃ ..............................................
4. Date of birth ঃ ..............................................
5. Cell Phone ঃ ..............................................
6. Land Phone ঃ ..............................................
7. E-mail ঃ ..............................................
8. Present address ঃ ..............................................

..............................................................................................

..............................................................................................

9. Permanent address ঃ

..............................................................................................

..............................................................................................

10. Nomination made on the basis of degree obtained (please tick one) ঃ Bachelors (Hon's)/ Masters Program (only for BSMMU)
11. Academic details of applicant. ঃ
    a) Name of the Faculty a) in English ঃ ..............................................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..............................................
    b) Department's Name a) in English ঃ ..............................................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..............................................
    c) Academic year ঃ ..............................................
    d) Result published on date (with proper evidence) ঃ ..............................................
    e) Class/Grade obtained ঃ ..............................................
    f) Total marks/CGPA (out of ….. ………) ঃ ..............................................
    g) Exact name of the degree (Mentioned in certificate) along with examination's abbreviated form a) in English ঃ ..............................................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..............................................
12. Result of the previous examinations ঃ

| Name of Examinations | Board/University | Division/Class /CGPA | Total | | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | Marks/CGPA (%) | Obtained/CGPA (%) | |
| Masters | | | | | |
| Graduation | | | | | |
| HSC | | | | | |
| SSC | | | | | |

13. Extraordinary qualification (if any) ঃ

Registrar's Signature with Seal ঃ

Applicant's Signature

Attachments: Certificate & Transcripts of SSC, HSC, Graduation and Masters (if any)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# University Grants Commission of Bangladesh
## Agargoan, Dhaka-1207.

Photograph

**Nomination form for the "Prime Minister Gold Medal Award - 2022"**
(Filled by the applicant & signed by the Registrar.)

1. Applicant's name a) in English (Capital Letters) ঃ ..................................................
   b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ঃ ..................................................
2. Father's name ঃ ..................................................
3. Mother's name ঃ ..................................................
4. Date of birth ঃ ..................................................
5. Cell Phone ঃ ..................................................
6. Land Phone ঃ ..................................................
7. E-mail ঃ ..................................................
8. Present address ঃ ..................................................
..................................................
..................................................
9. Permanent address ঃ
..................................................
..................................................
10. Nomination made on the basis of degree obtained (please tick one) ঃ Bachelors (Hon's)/ Masters Program (only for BSMMU)
11. Academic details of applicant. ঃ
    a) Name of the Faculty a) in English ঃ ..................................................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..................................................
    b) Department's Name a) in English ঃ ..................................................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..................................................
    c) Academic year ঃ ..................................................
    d) Result published on date (with proper evidence) ঃ ..................................................
    e) Class/Grade obtained ঃ ..................................................
    f) Total marks/CGPA (out of ..... .........) ঃ ..................................................
    g) Exact name of the degree (Mentioned in certificate) along with examination's abbreviated form a) in English ঃ ..................................................
       b) in Bangla (স্পষ্ট অক্ষরে) ..................................................
12. Result of the previous examinations ঃ

| Name of Examinations | Board/University | Division/Class /CGPA | Total | | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | Marks/CGPA (%) | Obtained/CGPA (%) | |
| Masters | | | | | |
| Graduation | | | | | |
| HSC | | | | | |
| SSC | | | | | |

13. Extraordinary qualification (if any) ঃ

Registrar's Signature with Seal ঃ

Applicant's Signature

Attachments: Certificate & Transcripts of SSC, HSC, Graduation and Masters (if any)